বিএআরআই
# সংবাদ
বর্ষ ৩৫ সংখ্যা ২, ২০২৩
www.bari.gov.bd
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## বারি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত




*এপিএ চুক্তি ২০২৩-২৪ স্বাক্ষর করছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এবং মৃত্তিকা বিজ্ঞান বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. হাবিব মোহাম্মদ নাসের।*




*এপিএ প্রথম পুরস্কার গ্রহণ করছেন আরএআরএস আকবরপুর এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. হায়দার হোসেন।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর গবেষণা উইং এর আয়োজনে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২৩-২৪ স্বাক্ষর ও এপিএ পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২০২১-২২ বুধবার ২১ জুন ২০২৩ ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে।

বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস এবং পরিচালক (ডাল গবেষণা কেন্দ্র) ড. মো. মহি উদ্দিন। এছাড়াও অনুষ্ঠানে বারি'র বিভিন্ন কেন্দ্র, বিভাগ ও উপ-কেন্দ্রের প্রধানগণ, ঊর্ধ্বতন বিজ্ঞানী, ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চুক্তি স্বাক্ষর ছাড়াও অনুষ্ঠানে বারি এপিএ পুরস্কার ২০২১-২২ প্রদান করা হয়। এবছর বারি'র এপিএ চুক্তির লক্ষ্য অর্জনে প্রথম হয়েছে আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, আকবরপুর, মৌলভীবাজার, দ্বিতীয় হয়েছে বীজ প্রযুক্তি বিভাগ, *এরপর পৃষ্ঠা ৭*

## বারি'র এসডিজি বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা কর্মশালা অনুষ্ঠিত




*প্রধান অতিথির বক্তব্য রাখছেন কৃষি মন্ত্রণালয়ের গবেষণা অনুবিভাগের যুগ্মসচিব রেহেনা ইয়াছমিন।*





*সভাপতির বক্তব্য রাখছেন বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর পরিকল্পনা ও মূল্যায়ন উইং এর আয়োজনে বারি-এর টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা কর্মশালা ২২ জুন ২০২৩ বৃহস্পতিবার ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালায় বারি, ব্রি, বিএডিসি, ডিএই, বিনা, নাটা, এসআরডিআই, ডিএএম, বিজেআরআই এর বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয় এর গবেষণা অনুবিভাগের যুগ্মসচিব জনাব *এরপর পৃষ্ঠা ২*

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## সম্পাদকীয়



সরকারের সহযোগিতা আর সবার ঐকান্তিক প্রচেষ্টা একটি দেশের চাষযোগ্য ভূমির সীমাবদ্ধতার পরেও বিশ্বের দরবারে ভালো অবস্থান তৈরি করতে পারে তার উজ্জ্বল দৃষ্টান্ত বাংলাদেশ। বৈরি আবহাওয়া, বর্ধিত জনসংখ্যার চাপ ক্রমহ্রসমান ভূমি এসবের পরেও বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। এফএও মোট ১৬২ টি প্রাথমিক কৃষিপণ্য উৎপাদনের হিসাব দিয়েছে। বাংলাদেশ ৬৮ ধরনের কৃষিপণ্য উৎপাদনের তালিকায় রয়েছে। এ তালিকায় যেমন একক পণ্য আছে, তেমনি সমজাতীয় ও মৌসুমভিত্তিক কয়েকটি পণ্য মিলিয়ে একটি শ্রেণি হিসেবে দেখানো হয়েছে। এফএওর হিসাবে, ২০০১ সালে ১১ টি পণ্য উৎপাদনে শীর্ষে দশে ছিল বাংলাদেশ। ২০১১ সালে তা বেড়ে দাঁড়ায় ১৭ টিতে। এরপর বিভিন্ন বছরে যোগ হয় আরও পাঁচটি কৃষিপণ্যে-পেঁয়াজ, কুমড়া, ফুলকপি ও ব্রকলি (ফুলকপির মতো সবজি), পাখির খাদ্য (বীজ) এবং অন্যান্য শ্রেণিভুক্ত শিমের বিচি। সব মিলিয়ে ২০২১ সালে ২২ টি পণ্য উৎপাদনে শীর্ষ তালিকায় স্থান পেয়েছে বাংলাদেশ। বাংলাদেশ কোন পণ্য উৎপাদনে প্রথম নয়। তবে দ্বিতীয় অবস্থানে রয়েছে পাট, সুপারি ও শুকনা মরিচ উৎপাদন। চাল, রসুন এবং অন্যান্য শ্রেণিভুক্ত চিনিজাতীয় ফসলে (যেমন জোয়ান) বাংলাদেশ তৃতীয়। জাম, বরই করমচা, লটকন ইত্যাদি বেরিজাতীয় ফল এবং অন্যান্য শ্রেণিভুক্ত সুগন্ধি মসলায় চতুর্থ। মসুর ডাল ও গ্রীষ্মমন্ডলীয় ফল (কাঁঠাল, লিচু ইত্যাদি) উৎপাদনে বাংলাদেশ ষষ্ঠ। সপ্তম অবস্থানে রয়েছে পেঁয়াজ, আলু, আদা, বেগুন, শিমের বিচি ও নারকেলের ছোবড়া উৎপাদনে। চা ও কুমড়ায় বাংলাদেশ অষ্টম। আম, পেয়ারা ও গাবজতীয় ফল, ফুলকপি ও ব্রকলি এবং মটরশুঁটি ও পাখির খাদ্যে (বীজ শ্রেণিতে) বাংলাদেশের অবস্থান নবম। প্রধান কিছু ফসল উৎপাদনে বাংলাদেশের অগ্রগতি বেশ ভালো। যেমন আলু। দুই দশক আগে আলু উৎপাদনে বাংলাদেশ ছিল ২০ তম দেশ। এরপর কানাডা, তুরস্ক, পোল্যান্ডের মতো ১৩টি দেশকে একে একে পেছনে ফেলে ৭ নম্বরে উঠে এসেছে বাংলাদেশ। এফএওর তথ্য বলছে, ২০২১ সালে বাংলাদেশে আলু উৎপাদিত হয়েছে ৯৮ লাখ টন। আর এসব অর্জনের পেছনে নিভৃতে কাজ করে চলেছে এদেশের কৃষি বিজ্ঞানীরা। দেশ গড়ার এই অগ্রযাত্রায় কৃষি

> “২২ কৃষিপণ্যে শীর্ষ দশে বাংলাদেশ”

## বারি'তে এফএমডি প্রকল্পের মধ্যবর্তী কর্মশালা অনুষ্ঠিত



*কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করছেন এফএমডি প্রকল্প পরিচালক ড. মো. নূরুল আমিন।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর ফার্ম মেশিনারী এন্ড পোস্টহারভেস্ট প্রসেস ইঞ্জিনিয়ারিং (এফএমপিই) বিভাগের উদ্যোগে গত ২৩ জুন ২০২৩ শুক্রবার “কৃষি যন্ত্রপাতি ও লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে ফসল উৎপাদন ব্যবস্থাকে অধিকতর লাভজনক করা (এফএমডিপি)” প্রকল্পের মধ্যবর্তী কর্মশালা ইনস্টিটিউটের এফএমপিই বিভাগের সেমিনার রুমে অনুষ্ঠিত হয়েছে। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন কৃষি মন্ত্রণালয় এর সম্প্রসারণ অনুবিভাগের অতিরিক্ত সচিব রবীন্দ্রশ্রী বড়ুয়া। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী এবং কৃষি মন্ত্রণালেয় উপসচিব (গবেষণা) জনাব মুহাম্মদ মাসুম বিল্লাহ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন পরিচালক (উদ্যানতত্ত্ব) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস, পরিচালক (তৈলবীজ) ড. মো. তারিকুল ইসলাম এবং পরিচালক (ডাল গবেষণা) ড. মহি উদ্দীন। প্রকল্পের কার্যক্রমের উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন এফএমডিপি প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মো. নূরুল আমিন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয় উক্ত প্রকল্পের অর্থায়ন করেছে। অনুষ্ঠানে বিএআরসি, ব্রি, বশেমুরকৃবি, ডিএই, এলএসপি, কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারক এবং কৃষক প্রতিনিধি অংশগ্রহণ করেন। ■

## ন্যাশনাল ডিফেন্স কলেজ, ঢাকা প্রতিনিধি...

*তৃতীয় পৃষ্ঠার পর*

(গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস সহ বিভিন্ন বিভাগের প্রধানগণ, বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ।

পরে অতিথিবৃন্দ ইনস্টিটিউটের বায়োটেকনোলজি ল্যাব/গ্রীন হাউজ, এফএমপিই ল্যাব, টক্সিকোলজি ল্যাব এবং ফ্লোরিকালচার ল্যাব পরিদর্শন করেন এবং ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোষ প্রকাশ করেন। ■

## নেদারল্যান্ডস এর এগ্রি-বিজনেস ট্রেড...

*তৃতীয় পৃষ্ঠার পর*

অতিথিবৃন্দ ইনস্টিটিউটের আইপিএম ও টক্সিকোলজি ল্যাব, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের ল্যাব, জীব প্রযুক্তি বিভাগের ল্যাব পরিদর্শন করেন এবং ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোষ প্রকাশ করেন। ■

## বারি'তে “তৈলবীজ ফসলের জাত...

*পঞ্চম পৃষ্ঠার পর*

ইসলাম এবং পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তৈলবীজ গবেষণা কেন্দ্রের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক ড. ফেরদৌসী বেগম। ■

## বারি'র এসডিজি বাস্তবায়ন ও ...

*প্রথম পৃষ্ঠার পর*

রেহানা ইয়াছমিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী এবং কৃষি মন্ত্রণালয় এর নীতি-৩ শাখার উপসচিব জনাব মোহাম্মদ ইয়ামিন খান। বারি'র টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বিষয়ক উপস্থাপন করেছেন পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী। ■

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## ন্যাশনাল ডিফেন্স কলেজ, ঢাকা প্রতিনিধি দলের বারি পরিদর্শন



*বিএআরআই সম্পর্কে সংক্ষিপ্ত উপস্থাপনা ও স্বাগত বক্তব্য রাখছেন ইনস্টিটিউট মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর ক্যান্টনমেন্ট, ঢাকা এর ১২০ (একশত বিশ) জনের একটি প্রতিনিধি দল গত ৩০ মে মঙ্গলবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন। এ প্রতিনিধি দলে উক্ত কলেজ থেকে আগত ফ্যাকাল্টি, কোর্স মেম্বার এবং স্টাফ অফিসার অংশগ্রহণ করেন।

প্রতিনিধি দল ইনস্টিটিউটের কাজী বদরুদ্দোজা মিলনায়তনের সম্মুখে এসে পৌঁছলে তাদের স্বাগত জানান বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার ও অন্যান্য পরিচালকবৃন্দ। পরে, বারি'র কাজী বদরুদ্দোজা মিলনায়তনে অনুষ্ঠিত মত বিনিমিয় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এরপর মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন বারি'র পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক *এরপর পৃষ্ঠা ২*

## বরিশাল বিশ্ববিদ্যালয় ও বারি'র এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর



*বিএআরআই মহাপরিচালক ও বরিশাল বিশ্ববিদ্যালয় উপাচার্য সমঝোতা চুক্তি বিনিময় করছেন।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট ও বরিশাল বিশ্ববিদ্যালয় এর মধ্যে একটি সমঝোতা স্মারক ১২ মে ২০২৩ স্বাক্ষরিত হয়েছে। সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে দুটি প্রতিষ্ঠানের মধ্যে যৌথ গবেষণা ও টেকনোলজি ট্রান্সফারের নতুন দ্বার উন্মোচিত হয়েছে। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালক ড. দেবাশীষ সরকার ও বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। ■

## নেদারল্যান্ডস এর এগ্রি-বিজনেস ট্রেড মিশন প্রতিনিধি দলের বারি পরিদর্শন



*নেদারল্যান্ডস প্রতিনিধি দলের সাথে মতবিনিময় করছেন বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

নেদারল্যান্ডস এর এগ্রি-বিজনেস ট্রেড মিশন এর ১০ (দশ) সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ২২ জুন ২০২৩ বৃহস্পতিবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন।

প্রতিনিধি দল বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। এরপর বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত মত বিনিমিয় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয় এর গবেষণা অনুবিভাগের যুগ্মসচিব জনাব রেহানা ইয়াছমিন, পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস সহ বিভিন্ন বিভাগের প্রধানগণ, বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। *এরপর পৃষ্ঠা ২*

## বারি ও বিডব্লিউএমআরআই এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর




*বারি মহাপরিচালক ও বিডব্লিউএমআরআই পরিচালক সমঝোতা চুক্তি বিনিময় করছেন।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এবং বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট (বিডব্লিউএমআরআই) এর মধ্যে এক সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর অনুষ্ঠান ১২ জুলাই ২০২৩ বুধবার বারি'র সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর পক্ষে মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এবং বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট এর পক্ষে মহাপরিচালক ড. গোলাম ফারুক সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারক অনুষ্ঠানে বিডব্লিউএমআরআই'র পরিচালক ড. মো. আবু জামান সরকার এবং বারি'র প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. শওকত আলী খান উপস্থিত ছিলেন। এছাড়াও বারি এবং বিডব্লিউএমআরআই এর উর্ধ্বতন কর্মকর্তা উপস্থিত ছিলেন ■

## বারি তিল-৪ এবং বারি তিল-৫ চাষে দ্বিগুণ ফলন



*মাঠ দিবস অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) উদ্ভাবিত বারি তিল-৪ এবং বারি তিল-৫ চাষে সফল হয়েছেন ফরিদপুরের কৃষকরা। এ বছর জেলার বসুনরোসিংহোদিয়া ও পদ্মা নদীর পাড়ে উত্তর চ্যানেল চরে প্রায় ৫০ বিঘা জমিতে পরীক্ষামূলক চাষ করে লাভবান হয়েছেন কৃষকরা। ফরিদপুরের সদর উপজেলার বসুনরোসিংহোদিয়া গ্রামের প্রদর্শনী এলাকায় সরেজমিন গবেষণা বিভাগ (ওএফআরডি), ফরিদপুর আয়োজিত মাঠ দিবসে বারি তিল-৪ এবং বারি তিল-৫ জাতের তিল চাষিসহ কৃষি সংশিষ্টরা এ তথ্য তুলে ধরেন। গাজীপুরের সরেজমিন গবেষণা বিভাগ এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. মো. মাজহারুল আনোয়ার এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট গাজীপুরের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তৈলবীজ গবেষণা কেন্দ্র গাজীপুরের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. ফেরদৌসী বেগম। ■

## বিএআরআই মহাপরিচালকের বাড়ীর আঙ্গিনায় সবজী উৎপাদন কার্যক্রম পরিদর্শন



*বাড়ীর আঙ্গিনায় সবজি চাষ পরিদর্শন করছেন বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর সরেজমিন গবেষণা বিভাগ, কর্তৃক বাস্তবায়ন করা বসতবাড়ীর আঙ্গিনায় সবজী উৎপাদন কার্যক্রম পরিদর্শন করেছেন বিএআরআই, গাজীপুর এর মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। সদর উপজেলার কানাইপুর ইউনিয়নের শোলাকুন্ডুর মডেল কৃষক গোলাপী রানীর বাড়ীর আঙ্গিনায় সবজী উৎপাদন কার্যক্রম পরিদর্শনকালে কৃষি বিজ্ঞানীবৃন্দ উপস্থিত ছিলেন। শনিবার বিকালে এ কার্যক্রম পরিদর্শনকালে সরেজমিন গবেষণা বিভাগ, গাজীপুরের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. মো. মাজহারুল আনোয়ার, তৈলবীজ গবেষণা কেন্দ্র, গাজীপুরের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. ফেরদৌসি বেগম, সরেজমিন গবেষণা বিভাগ, ফরিদপুরের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. সেলিম আহম্মেদ, সদর উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো. আনোয়ার হোসেনসহ মসলা গবেষণা কেন্দ্র, মাগুরা ও ফরিদপুরের বিজ্ঞানীবৃন্দ উপস্থিত ছিলেন। ■

## 'কৃষি যন্ত্রপাতি ও লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে ফসল উৎপাদন ব্যবস্থাকে অধিকতর লাভজনক করা



*বারি উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতির এডাপট্রিভ ট্রায়াল অনুষ্ঠানে সম্মানিত মহাপরিচালক ড. দেবাশীষ সরকার কর্তৃক নারিকেলের খোসা ছাড়ানো যন্ত্র চালনা পরিদর্শন*

ড. দেবাশীষ সরকার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর ফার্ম মেশিনারি এন্ড পোস্ট হারভেস্ট প্রসেস ইঞ্জিনিয়ারিং (এফএমপিই) বিভাগের উদ্যোগে ২৯ মে ২০২৩ সোমবার 'কৃষি যন্ত্রপাতি ও লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে ফসল উৎপাদন ব্যবস্থাকে অধিকতর লাভজনক করা (এফএমডি) প্রকল্পের আওতায় বারি উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতির উপর এডাপটিভ ট্রায়াল অনুষ্টিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর সম্মানিত মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী এবং প্রাক্তন পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. আইয়ুব হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এফএমডি প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মো. নূরুল আমিন। ■

## অপ্রচলিত ও পুষ্টি সমৃদ্ধ গৌণদানাদার ফসলের উৎপাদন কলা-কৌশল ও ব্যবহার শীর্ষক একটি কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত




*প্রধান অতিথির বক্তব্য রাখছেন উদ্ভিদ প্রজনন বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. রেশমা সুলতানা।*

উদ্ভিদ প্রজনন বিভাগ, বারি, গাজীপুর এবং আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, জামালপুর-এর যৌথ আয়োজনে গত ৫ই জুন ২০২৩ ইং তারিখে আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, জামালপুরে অপ্রচলিত ও পুষ্টি সমৃদ্ধ গৌণদানাদার ফসলের উৎপাদন কলা-কৌশল ও ব্যবহার শীর্ষক একটি কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উদ্ভিদ প্রজনন বিভাগ এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. রেশমা সুলতানা। আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, জামালপুর-এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. মঞ্জুরুল কাদিরের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত কৃষক প্রশিক্ষণে জামালপুর জেলার বিভিন্ন উপজেলা হতে ৩০ জন কৃষক উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে গৌণদানাদার ফসলের উৎপাদন কলা-কৌশল, ব্যবহার ও গুণাগুণ সম্পর্কে বিস্তর আলোচনা হয়। ■

## বারি'তে বিটি এগপ্ল্যান্ট স্টেকহোল্ডার মিটিং অনুষ্ঠিত



*স্টেকহোল্ডার মিটিং-এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন কৃষি মন্ত্রণালয়ের গবেষণা অধিশাখা এর যুগ্মসচিব ড. সাবিনা ইয়াসমিন।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর আয়োজনে ২৩ মে মঙ্গলবার বিটি এগপ্ল্যান্ট স্টেকহোল্ডার মিটিং বারি'র মহাপরিচালক মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়েছে। ফিড দ্যা ফিউচার ইনসেক্ট রেজিস্ট্যান্ট এগপ্ল্যান্ট পার্টনারশীপ প্রকল্পের অর্থায়নে উক্ত সভায় বিএআরসি, ডিএই, বিএডিসি, বিএআরআই এবং ফিড দ্যা ফিউচার ইনসেক্ট রেজিস্ট্যান্ট এগপ্ল্যান্ট পার্টনারশীপ প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের গবেষণা অধিশাখা এর যুগ্মসচিব ড. সাবিনা ইয়াসমিন। বারি'র পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ এর সঞ্চালনায় আরও উপস্থিত ছিলেন ফিড দ্যা ফিউচার ইনসেক্ট রেজিস্ট্যান্ট এগপ্ল্যান্ট পার্টনারশীপ এর এসোসিয়েট ডিরেক্টর ড. বিজয় পরাঞ্জাপি, বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম এবং পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী। ■

## বারি'তে ঢাকা অঞ্চলের আঞ্চলিক গবেষণা-সম্প্রসারণ পর্যালোচনা ও কমসূচি প্রণয়ন কর্মশালা-২০২৩ অনুষ্ঠিত




*প্রধান অতিথির বক্তব্য রাখছেন বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর সরেজমিন গবেষণা বিভাগ, গাজীপুর এর আয়োজনে গত ২১ মে ২০২৩ রবিবার "ঢাকা অঞ্চলের আঞ্চলিক গবেষণা-সম্প্রসারণ পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা-২০২৩" বারি'র সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। দুই দিনব্যাপী (২১-২২ মে, ২০২৩) উক্ত কর্মশালায় বারি'র ঢাকা অঞ্চলের সরেজমিন গবেষণা বিভাগের বিভিন্ন কেন্দ্রের বিজ্ঞানীবৃন্দ অংশগ্রহণ করেন। এছাড়াও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিএডিসি, নার্সভুক্ত বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা, বীজ কোম্পানিসহ অত্র অঞ্চলের কৃষকগণ উক্ত কর্মশালায় অংশগ্রহণ করেন। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কর্মশালার উদ্বোধন করেন। ■

## বারি'তে ভাইরাস মুক্ত বীজ আলু উৎপাদনের লক্ষ্যে হাতে কলমে প্রশিক্ষণ অনুষ্ঠিত




*বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এবং প্রশিক্ষণার্থীবৃন্দ।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, গাজীপুর এর আয়োজনে ভাইরাস মুক্ত বীজ আলু উৎপাদনের লক্ষ্যে তিন দিন ব্যাপী হাতে কলমে প্রশিক্ষণ এর সমাপনী অনুষ্ঠান গত ০৮ জুন ২০২৩ বৃহস্পতিবার কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। (৬-৮) জুন তিন দিন ব্যাপী এ প্রশিক্ষণে বারি'র বিজ্ঞানী ও ব্রাকের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

বারি'র পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এছাড়াও অনুষ্ঠানে কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. মনিরুল ইসলাম এবং ড. মো. মোশাররফ হোসেন মোল্লা উপস্থিত ছিলেন। ■

## বারি'তে "তৈলবীজ ফসলের জাত উন্নয়ন ও উৎপাদন কলাকৌশল" শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত



*প্রধান অতিথির বক্তব্য রাখছেন বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর তৈলবীজ গবেষণা কেন্দ্র, গাজীপুর এর আয়োজনে গত ১৫ জুন ২০২৩ খ্রি. বৃহস্পতিবার ঊর্ধ্বতন বৈজ্ঞানিক সহকারী এবং বৈজ্ঞানিক সহকারী এর অংশগ্রহণে "তৈলবীজ ফসলের জাত উন্নয়ন ও উৎপাদন কলাকৌশল" শীর্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের তৈলবীজ গবেষণা কেন্দ্রের সেমিনার রুমে অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রশিক্ষণে বারি'র ঊর্ধ্বতন বৈজ্ঞানিক সহকারী এবং বৈজ্ঞানিক সহকারীবৃন্দ অংশগ্রহণ করেন।

সকালে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণের উদ্বোধন করেন। বারি'র পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ প্রশিক্ষণে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী *এরপর পৃষ্ঠা ২*

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## বারি কর্তৃক উদ্ভাবিত কাঁঠালের উন্নত জাত ও প্রতিশ্রুতিশীল জার্মপ্লাজম এর মূল্যায়নের উপর মাঠ দিবস




*প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের ফল বিভাগ কর্তৃক উদ্ভাবিত কাঁঠালের উন্নত জাত ও প্রতিশ্রুতিশীল জার্মপ্লাজম মূল্যায়নের উপর মাঠ দিবস গত ১৫ মে, ২০২৩ সোমবার বারি'র ফল বিভাগের গবেষণা মাঠে অনুষ্ঠিত হয়। কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) এর অর্থায়নে ও ইভ্যালুয়েশন অফ ফ্রুট বিয়ারিং এন্ড ফ্রুট ইল্ড অফ বিএআরআই ডেভলপড জ্যাকফ্রুট ভ্যারাইটিস ইন দি এস্টাবলিস্ট অর্চাড প্রকল্পের আওতায় মাঠ দিবস অনুষ্ঠানে ১০০ জন কৃষক অংশগ্রহণ করেন। উক্ত মাঠ দিবস অনুষ্ঠানে বারি'র উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের ফল বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. বাবুল চন্দ্র সরকার এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ। ■

## বারি'তে তৈলবীজ ফসলের লেআউট প্রস্তুতি, তথ্য সংগ্রহ এবং বীজ উৎপাদন কৌশল সম্পর্কে প্রশিক্ষণ অনুষ্ঠিত




*বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথির বক্তব্য রাখছেন।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর তৈলবীজ গবেষণা কেন্দ্র, গাজীপুর এর আয়োজনে গত ০৮ জুন ২০২৩ খ্রি. বৃহস্পতিবার এসএ/এসএসএ/এসএএও/এফএ এর অংশগ্রহণে তৈলবীজ ফসলের লেআউট প্রস্তুতি, তথ্য সংগ্রহ এবং বীজ উৎপাদন কৌশল সম্পর্কে প্রশিক্ষণ ইনস্টিটিউটের তৈলবীজ গবেষণা কেন্দ্রের সেমিনার রুমে অনুষ্ঠিত হয়। "তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি" প্রকল্প (বারি অংগ) এর অর্থায়নে আয়োজিত এ প্রশিক্ষণে বারি ও অন্যান্য প্রতিষ্ঠান থেকে আগত এসএ/এসএসএ/এসএএও/এফএ অংশগ্রহণ করেন। সকালে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণের উদ্বোধন করেন। বারি'র পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ প্রশিক্ষণে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী এবং পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার। ■

## বারি'তে "পেঁয়াজের স্মার্ট উৎপাদন প্রযুক্তি ও রোগ দমন ব্যবস্থাপনা" শীর্ষক কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত



*কৃষক প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের উদ্যোগে গত ০৯ মে মঙ্গলবার "পেঁয়াজের স্মার্ট উৎপাদন প্রযুক্তি ও রোগ দমন ব্যবস্থাপনা" শীর্ষক কৃষক প্রশিক্ষণ বারি'র সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। প্রিভেলেন্স অফ মেজর প্রি এন্ড পোস্ট-হারভেস্ট ডিজিস অফ অনিয়ন এন্ড দেয়ার ম্যানেজমেন্ট প্রকল্প এবং উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, বারি এর আয়োজনে কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) এর অর্থায়নে উক্ত কৃষক প্রশিক্ষণে ৪০ জন কৃষক অংশগ্রহণ করেন।

কৃষক প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। বারি'র উদ্ভিদ রোগতত্ত্ব *এরপর পৃষ্ঠা ৭*

## বারি'র উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের প্ল্যান্ট ডিজিস ডায়গনস্টিক ল্যাবরেটরি এর এ্যাক্রেডিটেশন প্রাপ্তি




*উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের পক্ষে এ্যাক্রেডিটেশন সার্টিফিকেট গ্রহণ করছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের প্ল্যান্ট ডিজিস ডায়গনস্টিক ল্যাবরেটরি গত ১৮ এপ্রিল ২০২৩ বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) কর্তৃক আইএসও ১৭০২৫:২০১৭ সনদ প্রাপ্তির মাধ্যমে এ্যাক্রেডিটেশন পেয়েছে। এই এ্যাক্রেডিটেশন প্রাপ্তির ফলে আলুতে ব্রাউন রট রোগের উপস্থিতি আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী সনাক্তকরণ করা যাবে। এর ফলে বাংলাদেশ থেকে রাশিয়াসহ বিশ্বের অন্যান্য দেশে আলু রপ্তানির পথ উন্মুক্ত হবে এবং বাংলাদেশে উৎপাদিত উদ্বৃত্ত আলু রপ্তানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জন করা সম্ভব হবে। ■

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## বারি'তে "আইসোলেশন, মাল্টিপ্লিকেশন এন্ড ফরমুলেশন অফ মাইক্রোবায়াল পেস্টিসাইডস, বিউভেরিয়া এন্ড মেটারাইজিয়াম" শীর্ষক প্রশিক্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত



বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এবং অন্যান্য প্রশিক্ষণার্থীবৃন্দ।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এবং ফিড দি ফিউচার বাংলাদেশ ইন্টিগ্রেটেড পেস্ট ম্যানেজমেন্ট এক্টিভিটিস (আইপিএমএ) এর যৌথ আয়োজনে গত ১২ জুন সোমবার "আইসোলেশন, মাল্টিপ্লিকেশন এন্ড ফরমুলেশন অফ মাইক্রোবায়াল পেস্টিসাইডস, বিউভেরিয়া এন্ড মেটারাইজিয়াম" শীর্ষক প্রশিক্ষক প্রশিক্ষণ বারি'র সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। ইউএসএআইডি মিশন, বাংলাদেশ এর অর্থায়নে উক্ত প্রশিক্ষক প্রশিক্ষণে দেশ বিদেশ হতে আগত ১৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

প্রশিক্ষক প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। বারি'র উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান ড. মো. মতিয়ার রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী। এছাড়াও উক্ত অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন কান্ট্রি প্রোগ্রাম ম্যানেজার, আইপিএম এক্টিভিটি, ভার্জিনিয়া টেক এর জনাব মাধব চন্দ্র দাস। ■

## বারি উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতির এডাপটিভ ট্রায়াল অনুষ্ঠিত




এডাপটিভ ট্রায়াল অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর ফার্ম মেশিনারী এন্ড পোস্টহারভেস্ট প্রসেস ইঞ্জিনিয়ারিং (এফএমপিই) বিভাগের উদ্যোগে গত ২৯ মে ২০২৩ সোমবার কৃষি যন্ত্রপাতি ও লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে ফসল উৎপাদন ব্যবস্থাকে অধিকতর লাভজনক করা (এফএমডিপি) প্রকল্পের আওতায় বারি উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতির এডাপটিভ ট্রায়াল অনুষ্ঠান ইনস্টিটিউটের এফএমপিই বিভাগে অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী, প্রাক্তন পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. আইয়ুব হোসেন। স্বাগত বক্তব্য রাখেন এফএমডিপি প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মো. নূরুল আমিন। ■

## বারি'তে স্টেকহোল্ডার কনসালটেশন...

অষ্টম পৃষ্ঠার পর

বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কর্মশালার উদ্বোধন করেন। বারি'র পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের ফল বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. বাবুল চন্দ্র সরকার ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাজীপুর এর উপপরিচালক জনাব মো. সাইফুল ইসলাম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রকল্পের ফোকাল পারসন এবং বারি'র উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের পোস্টহারভেস্ট টেকনোলজি শাখার প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আতিকুর রহমান। ■

## বারি'তে প্রশিক্ষক প্রশিক্ষণের সমাপনী...

অষ্টম পৃষ্ঠার পর

প্রশিক্ষক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। বারি'র উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান ড. মো. মতিয়ার রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিমিটি-বাংলাদেশ এর সিনিয়র কনসালটেন্ট এবং বারি'র সাবেক পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. সৈয়দ নুরুল আলম, পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী এবং কান্ট্রি প্রোগ্রাম ম্যানেজার, আইপিএম এক্টিভিটি, ভার্জিনিয়া টেক এর জনাব মাধব চন্দ্র দাস। ■

## বারি'তে "পেঁয়াজের স্মার্ট উৎপাদন...

ষষ্ঠ পৃষ্ঠার পর

বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান ড. মো. মতিয়ার রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী। এছাড়াও উক্ত অনুষ্ঠানে কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) এর সিনিয়র স্পেশালিস্ট (ফিল্ড ক্রপস) ড. নরেশ চন্দ্র দেব বর্মা এবং বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট এর সাবেক মহাপরিচালক ড. মো. আমজাদ হোসেন উপস্থিত ছিলেন। ■

## বারি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত

প্রথম পৃষ্ঠার পর

বারি, গাজীপুর এবং তৃতীয় হয়েছে বাংলাদেশের দক্ষিণাঞ্চলে চাষকৃত গুরুত্বপূর্ণ ফল, পান, সুপারি ও ডাল ফসলের ক্ষতিকারক পোকামাকড় সনাক্তকরণ ও সমন্বিত বালাই ব্যবস্থাপনার মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন ও বিস্তার কর্মসূচি, আরএআরএস, রহমতপুর, বরিশাল। কেন্দ্র বা বিভাগগুলোর পক্ষ থেকে স্ব স্ব কেন্দ্র ও বিভাগের প্রধানগণ বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর হাত থেকে পুরস্কার গ্রহণ করেন।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে মহাপরিচালক মহোদয়ের সাথে উইং/কেন্দ্র পরিচালক ও প্রকল্প/কর্মসূচির পরিচালক গণের এবং পরিচালক (গবেষণা) মহোদয়ের সাথে কেন্দ্র/বিভাগ/আঞ্চলিক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের এপিএ ২০২৩-২৪ স্বাক্ষরিত হয়। ■

বিএআরআই
# সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## বারি'র মহাপরিচালক এর সাথে গাজীপুর মেট্রোপলিটন পুলিশ কমিশনার এর সৌজন্য সাক্ষাৎ



*গাজীপুর মেট্রোপলিটন পুলিশ কমিশনারের নেতৃত্বে বাংলাদেশ পুলিশের একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দলের বিএআরআই মহাপরিচালকের সাথে সৌজন্য সাক্ষাৎ।*

গত ২২ জুন ২০২৩ বৃহস্পতিবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন গাজীপুর মেট্রোপলিটন পুলিশ এর পুলিশ কমিশনার জনাব মো. মাহবুব আলম, বিপিএম, পিপিএম (বার)।

পুলিশ কমিশনার বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাঁকে স্বাগত জানান ইনস্টিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। পরে বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত মত বিনিময় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয় এর গবেষণা অনুবিভাগের যুগ্মসচিব জনাব রেহানা ইয়াছমিন, বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, কৃষি মন্ত্রণালয় এর নীতি-৩ শাখার উপসচিব জনাব মোহাম্মদ ইয়ামিন খান, বারি'র মৃত্তিকা বিজ্ঞান বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. হাবিব মোহাম্মদ নাসের, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, রহমতপুর, বরিশাল এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. বিমল চন্দ্র কুন্ডু এবং গাজীপুর মেট্রোপলিটন পুলিশ এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। ■

## বারি'তে স্টেকহোল্ডার কনসালটেশন ওয়ার্কসপ অনুষ্ঠিত




*প্রধান অতিথির বক্তব্য রাখছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের আয়োজনে গত ০৫ জুন সোমবার "স্টেকহোল্ডার কনসালটেশন ওয়ার্কসপ" বারি'র উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের সেমিনার রুমে অনুষ্ঠিত হয়। "সাপোর্ট টু দি ডেভেলপমেন্ট অফ জ্যাকফ্রুট ভ্যালু চেইন থ্রো পোস্ট-হারভেস্ট লস রিডাকসন এন্ড প্রোমোশন অফ ভ্যালু-এডেড প্রোডাক্টস" প্রকল্পের আওতায় আয়োজিত কর্মশালায় বারি'র বিভিন্ন বিভাগ ও কেন্দ্রের উর্ধ্বতন বিজ্ঞানীবৃন্দ, এফএও এর কর্মকর্তাবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং স্টেকহোল্ডার পর্যায়ে নারী ও পুরুষ কৃষক অংশগ্রহণ করেন।

*এরপর পৃষ্ঠা ৭*

## বারি'তে প্রশিক্ষক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত



*প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করছেন বিএআরআই মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এবং ফিড দি ফিউচার বাংলাদেশ, ইন্টিগ্রেটেড পেস্ট ম্যানেজমেন্ট এক্টিভিটিস (আইপিএমএ) এর যৌথ আয়োজনে গত ১৯ জুন সোমবার "আইসোলেশন, মাল্টিপ্লিকেশন এন্ড ফরমুলেশন অফ মাইক্রোবায়াল পেস্টিসাইডস, বিউভেরিয়া এন্ড মেটারাইজিয়াম" শীর্ষক প্রশিক্ষক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠান বারি'র সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। ইউএসএআইডি মিশন, বাংলাদেশ এর অর্থায়নে উক্ত প্রশিক্ষক প্রশিক্ষণে দেশ বিদেশ হতে আগত ১৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

*এরপর পৃষ্ঠা ৭*

প্রধান পৃষ্ঠপোষক ও মুখ্য সম্পাদক : ড. দেবাশীষ সরকার
সম্পাদক : মো. হাসান হাফিজুর রহমান
আলোকচিত্র শিল্পী : পংকজ সিকদার

প্রকাশনায় : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর-১৭০১
ফোন- +৮৮-০২-৪৯২৭০০৩৮

ডিজাইন ও মুদ্রণে : এশিয়াটিক সিভিল মিলিটারি প্রেস
৪৩/১০সি, স্বামীবাগ, ঢাকা-১১০০

প্রকাশ: জুলাই ২০২৩